**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 25-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**All Party Meeting :**

পেহেলগামে সন্ত্রাসবাদী হামলার পরিপ্রেক্ষিতে গতকাল নতুন দিল্লিতে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের পৌরহিত্যে সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পাকিস্তানের বিরুদ্ধে নিরাপত্তা সংক্রান্ত ক্যাবিনেট কমিটির গৃহীত পদক্ষেপকে সব দলের নেতারা সমর্থন তাঁরা সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে সরকারের পূর্ণ সমর্থন এবং সম্ভাব্য পদক্ষেপের আশ্বাস দেন। বৈঠক শেষে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, সন্ত্রাসবাদী হামলায় সব দলই তাদের উদ্বেগ প্রকাশ করেছে এবং যে কোনও পদক্ষেপ নিতে সরকারকে পূর্ণ সমর্থন দিয়েছে।

######## Byte Kiran Rijiju #########

বৈঠক শেষে বিরোধী দলনেতা রাহুল গান্ধী, আম আদমি পার্টির সাংসদ সঞ্জয় সিংহ, এআইএমআইএম সাংসদ আসাদুদ্দিন ওয়েইসি সহ সবকটি রাজনৈতিক দলই সন্ত্রাসবাদী হামলার নিন্দা করেছে। প্রায় ২ ঘন্টা ধরে চলা এই বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রায় ১৩ জন নেতা উপস্থিত ছিলেন।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত প্রত্যেক সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসবাদে মদতদাতাদের খুঁজে বার করে শাস্তি দেবে। প্রয়োজনে পৃথিবীর শেষ প্রান্ত পর্যন্ত তাদের ধাওয়া করা হবে। জাতীয় পঞ্চায়েতী রাজ দিবসে বিহারের মধুবনী জেলায় এক অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, ন্যায়বিচার সুনিশ্চিত করার লক্ষ্যে সম্ভাব্য সবরকম পদক্ষেপ গ্রহণ করা হবে এবং সারা দেশ

এই অঙ্গীকারে সংকল্পবদ্ধ। প্রধানমন্ত্রী বলেন, দেশের চেতনা ও মূল্যবোধ, সন্ত্রাসবাদ দিয়ে ভেঙে ফেলা যাবে না। যারা মানবতাই বিশ্বাসী, তাঁরা ভারতের পাশে রয়েছে বলেও তিনি জানান।

***************************

**Panchayati Raj Divas :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল বিহারে ১৩ হাজার ৪৮০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। প্রধানমন্ত্রী ৮৭০ কোটি টাকার রেল প্রকল্পের উদ্বোধন করেন এবং চারটি ট্রেনের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উপলক্ষে মধুবনীতে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী মোদী ঝাঁঝরপুরের বিদেশ্বর স্থানে পঞ্চায়েতের জন্য তাদের উদ্ভাবনী এবং অনুকরণীয় কাজের জন্য বেশ কয়েকজন পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সম্মানিত করেন।

******************************

**Panchayati Raj Divas–South :**

জাতীয় পঞ্চায়েতিরাজ দিবসকে উপলক্ষ্যে গতকাল উত্তর জোলাইবাড়ি ও দক্ষিণ জোলাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে জোলাইবাড়ি কমিউনিটি হলে এক আলোচনাসভা অনুর্ষ্ঠিত হয়। সভার সূচনা করেন দক্ষিণ জিলা পরিষদের সদস্য শম্ভু মানিক।

*******************************

**Boishakhi Mela :**

প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক গতকাল সন্ধ্যায় তথ্য সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত বিশালগড় নিউ মার্কেটে ৬ দিন ব্যপী ঐতিহ্যবাহী বৈশাখী মেলার উদ্বোধন করেছেন। অনুর্ষ্ঠানের শুরুতেই পেহেলগাঁওয়ে সন্ত্রাসবাদীদের হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

*****************************

**DM Meeting :**

দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে জেলার সাংবাদিকের সঙ্গে মত বিনিময় সভা করেন। সভায় সাংবাদিকরা বিলোনিয়া মহকুমার বিভিন্ন সমস্যাগুলি তুলে ধরার পর জেলা শাসক সমস্যা নিরসনে প্রশাসনিক উদ্যোগ নেবেন বলে সাংবাদিকদের আশ্বস্ত করেন।

*****************************

**PMAY-Khowai :**

প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণ প্রকল্পে গত অর্থবছরে খোয়াই জেলার বিভিন্ন ব্লক এলাকায় বসবাসকারী ১১,১৩৫টি সুবিধাভোগী পরিবারকে পাকা ঘর নির্মাণ করে দেওয়া হয়েছে। এই যোজনায় প্রতিটি পাকা ঘর নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে বরাদ্দ রয়েছে।

************************************

**DYFI :**

সরকারী দপ্তরগুলিতে সব শূন্যপদ পূরণ, নেশা কারবারীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ সহ মোট ৯ দফা দাবিতে সরব হল ডি.ওয়াই.এফ.আই। তাদের পক্ষ থেকে গতকাল দক্ষিন জেলার সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট যোগেশ রিয়াং-এর কাছে ডেপুটেশন প্রদান করা হয়।

****************************

**Asish Saha-CS :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহা গতকাল কৈলাসহর এবং বিলোনিয়া মহকুমার সীমান্তবর্তী এলাকায় বাঁধ নির্মাণ জনিত সমস্যার সমাধানের জন্য মুখ্য সচিব জে কে সিনহার কাছে লেখা এক চিঠিতে অনুরোধ জানিয়েছেন। প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে এখবর জানানো হয়েছে।

*****************************

**Blood Donation :**

কৈলাশহর সার্কিট হাউসে গতকাল ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। শিবিরে মোট ৪৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৮ ডিগ্রি সেলসিয়াস।

****************************